২১৬

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ...০৩.০০.২৬৯০.০৭৮.১৪.০৩৬.১৬ (অংশ-৪)-৮৮

তারিখ .....৯. অগ্রহায়ণ.১৪২৮...
২৪ নভেম্বর২০২১

## সভার সংশোধিত নোটিশ

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ব্লু ইকোনোমি কার্যক্রম সম্প্রসারণে প্রণোদনা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে একটি বিশেষ সভা ২৪ নভেম্বর ২০২১ তারিখ বুধবার বিকাল ৩:০০ টার **পরিবর্তে আগামী ২৫ নভেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:৩০ টায়** প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষে (২য় তলা) অনুষ্ঠিত হবে।

২। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১১/২১

(জাজরীন নাহার)
পরিচালক-১১
ফোন: ৫৫০২৯৪৩১
ই-মেইল: dir11@pmo.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), প্রধানমন্ত্রীর কার্যালয়, ই-৬/বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
৯। অতিরিক্ত সচিব, ব্লু ইকোনোমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব, ব্লু ইকোনোমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):**

১। মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। অপস রুম, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেমস্ এনালিষ্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১নং গেইট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭। কমন সার্ভিস ও প্রটোকল অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ..০৩.০০.২৬৯২.০৭৮..১৪.০৩৬.১৬ (অংশ-৪)-৯৩ তারিখ .১৬.অগ্রহায়ণ.১৪২৮.বং
১ ডিসেম্বর ২০২১ খ্রি

বিষয়ঃ সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্প্রসারণে প্রণোদনা নির্ধারণ সভার কার্যবিবরণী।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ব্লু ইকোনোমি বিষয়ক কার্যক্রম সম্প্রসারণে গত ২৫/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(জাজরীন নাহার)
পরিচালক-১১
ফোন: ৫৫০২৯৪৩১
ই-মেইল: dir11@pmo.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), প্রধানমন্ত্রীর কার্যালয়, ই-৬/বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
৯। অতিরিক্ত সচিব, ব্লু ইকোনোমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব, ব্লু ইকোনোমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):**

১। মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**বিষয়: সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম সম্প্রসারণে বিশেষ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| সভার তারিখ ও সময় | : | ২৫ নভেম্বর, ২০২১, দুপুর ১২:৩০ টা। |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), প্রধানমন্ত্রীর কার্যালয় |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সমুদ্র বিজয়ের পর সম্ভাবনাময় এ খাত হতে ইপ্সিত সফলতা লাভ করতে পারিনি। এ খাতকে কাজে লাগিয়ে দেশকে অর্থনৈতিকভাবে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। কাজেই কালক্ষেপণ না করে এ সেক্টরের উন্নয়নে সম্মিলিতভাবে একসাথে কাজ করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় সভার প্রেক্ষাপট তুলে ধরে ব্লু ইকোনমির সম্ভাবনা এবং এ খাতে প্রণোদনা প্রদান সম্পর্কিত বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন।

২। সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট তার বক্তব্যে বিশ্বব্যাপী অর্থনীতির বিভিন্ন সেক্টরে সমুদ্রের অবদান ও বাংলাদেশে এর সম্ভাবনা নিয়ে সংখ্যাভিত্তিক উপাত্তসহ বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান বাংলাদেশের বিনিয়োগ সুবিধাকে উপজীব্য করে দেশি ও বিদেশি বিনিয়োগ আকর্ষণের জন্য ব্লু ইকোনমির সর্বোচ্চ সুফল অর্জনে সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে প্রণোদনা চালু করা প্রয়োজন। গবেষণায় উৎকর্ষ সাধন ও বাণিজ্যিকীকরণ উভয় ক্ষেত্রেই প্রণোদনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ ক্ষেত্রে সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা; সামুদ্রিক মৎস্যচাষ উন্নয়ন; বাণিজ্যিক নৌপরিবহনের অবকাঠামোগত উন্নয়ন; সমুদ্রভ্রমণ পর্যটনের বিকাশ সাধন; অফশোর জ্বালানি, নবায়নযোগ্য জ্বালানি ও সুনীল বায়োটেকনোলজি গবেষণা ও উন্নয়ন; জাহাজ নির্মাণ ও রিসাইক্লিং শিল্প সম্প্রসারণ ইত্যাদি ক্ষেত্রসমূহ প্রণোদনা চালু করা যেতে পারে বলে উল্লেখ করেন। তিনি আরো বলেন শিপিং সেক্টরে আমদানি রপ্তানি কাজে বিদেশি জাহাজ ব্যবহারের পরিবর্তে নিজস্ব জাহাজের সংখ্যা আরো বাড়িয়ে ব্যবহার বৃদ্ধি করলে আমদানি রপ্তানি ব্যয় অনেকটা সাশ্রয় হবে। তাই জাহাজ ক্রয়ে প্রণোদনা ঘোষণার উদ্যোগ নেয়ার পাশাপাশি ব্যবসায়ীদের আরো বেশি উৎসাহী করতে চট্টগ্রাম বন্দর থেকে পানগাঁও বন্দরে কন্টেইনার পরিবহণের ক্ষেত্রে ট্যারিফ হ্রাস করার আহ্বান জানান। একইসাথে তিনি মৎস্য চাষের উৎকর্ষ সাধনে মাছ কালচারে প্রণোদনাসহ ব্লু ইকোনমি সংশ্লিষ্ট খাতে কিছু পলিসি সাপোর্ট প্রয়োজন বলেও উল্লেখ করেন।

৩। সভায় অর্থ সচিব বলেন যে, ব্লু ইকোনমি সেক্টরকে মূলত তেল গ্যাস আহরণ, মৎস্য সম্পদ আহরণ, বাণিজ্যিক নৌপরিবহন, পর্যটন এবং জাহাজ নির্মাণ খাতে ভাগ করা যায়। এর মধ্যে জাহাজ নির্মাণ শিল্পে ৫০০০ কোটি টাকার তহবিল গঠন করা হয়েছে। মৎস্য সেক্টরে ২০% ক্যাশ ইনসেনটিভ বর্তমান রয়েছে। তিনি জানান যে ইনসেনটিভ বা প্রটেকশনে দিয়ে বেশি দূর আগানো যায় না; বরং এক্ষেত্রে আমরা পলিসি সাপোর্ট দিতে পারি।

৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জানান, বঙ্গোপসাগরের তেল ও গ্যাস ক্ষেত্র অনুসন্ধান করার কাজে সান্তোষ ও দাইয়ু কোম্পানি Profit Sharing Contract (PSC) হালনাগাদ করে সময় বাড়ানোর বিষয়ে আগ্রহ প্রকাশ করেছিল। কিন্তু সময় বাড়ানো সম্ভব না হওয়ায় তারা চলে যায়। সান্তোষ এশিয়া অঞ্চল থেকেই তাদের কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেছে। সেপ্টেম্বর ২০২১ থেকে ভারতীয় কোম্পানি বঙ্গোপসাগরের তেল ও গ্যাস ক্ষেত্র চিহ্নিত করার জন্য কাজ শুরু করেছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে তারা কাজ শেষ করতে পারবে। তিনি গ্যাসের দাম আন্তর্জাতিক বাজারের সমতায় আনার বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহের চাপ রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এ ক্ষেত্রে বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট বিশেষ বিধান আইন প্রয়োগের উপর গুরুত্বারোপ করা হলে সভায় পিএসসি-তে বিশেষ আইন প্রয়োগের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।

৫। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব জানান, মৎস্য সেক্টরে ক্যাশ ইনসেনটিভ এর পরিবর্তে পলিসি সাপোর্ট প্রদান করলে সকলে উপকৃত হবেন। এ পর্যায়ে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পর্যটন শিল্পকে উন্নয়নের জন্য Maritime Tourism নীতিমালা চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে বলে জানান।

৬। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) জানান বাংলাদেশের বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে ঢাকায় ২৮-২৯ নভেম্বর তারিখে একটি ইন্টারন্যাশনাল সামিট আয়োজিত হতে যাচ্ছে। উক্ত সামিটে ব্লু ইকোনমি শীর্ষক একটি কারিগরি/প্যারালাল অধিবেশন অন্তর্ভুক্ত রয়েছে। এই সেশনে বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের ইতিবাচক বিনিয়োগ-বান্ধব পরিবেশ তুলে ধরার মাধ্যমে দেশি-বিদেশি অংশীজনগণকে বাংলাদেশের ব্লু ইকোনমি খাতে বিনিয়োগে আগ্রহী ও আত্মবিশ্বাসী করে তুলতে কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি জানান।

৭। ব্লু ইকোনমি সেলের প্রতিনিধি জানান সকল সমুদ্র তীরবর্তী দেশের মেরিন স্পেশিয়াল প্ল্যানিং (এমএসপি) থাকলেও বাংলাদেশে এটি অদ্যাবধি করা হয়নি। তবে ব্লু ইকোনমি সেল এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করে দুটি প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য প্রস্তুত করেছে। সেলটি বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কাজ করার কারণে সংশ্লিষ্ট প্রকল্প প্রণয়নের বিষয়ে সভায় সম্মতি জ্ঞাপন করা হয়।

৮। এ পর্যায়ে সভাপতি বলেন, আমরা শুধু ইনসেনটিভ ফোকাস হয়ে যাচ্ছি। বাজার চাহিদার পরিবেশ থাকলে এবং প্রয়োজনীয় অবকাঠামো থাকলে বাজার ধরা সম্ভব। ক্যাশ ইনসেনটিভ দিয়ে দীর্ঘমেয়াদে প্রতিযোগিতায় টিকে থাকা যায় না। এক্ষেত্রে নির্ভরশীলতা বেড়ে যায়। ব্লু ইকোনমি খাতে দেশি ও বিদেশি বিনিয়োগ আকর্ষণের জন্য অংশীদারিত্বমূলক বিনিয়োগের বিষয়টি আলোচনায় বেশি ফোকাস হওয়া প্রয়োজন। এছাড়াও তিনি অবকাঠামো উন্নয়নে কাজ করাসহ সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় পলিসি সাপোর্ট প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন।

৯। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৯.১ | সামুদ্রিক মৎস্য সেক্টর উন্নয়নের জন্য প্রয়োজনীয় পলিসি সাপোর্ট বিশেষ করে ৫০ মিটারের জাহাজ ক্রয়ের বিধি নিষেধ তুলে দেওয়ার ব্যাপারে এবং সমুদ্রে মৎস্য চাষ ব্যবস্থা প্রবর্তনের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ৯.২ | বাণিজ্যিক নৌপরিবহনে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় উদ্যোক্তাদের সমুদ্রগামী জাহাজ ক্রয়ে উৎসাহিত করা, চট্টগ্রাম বন্দর থেকে পানগাঁও বন্দরে পণ্য আমদানি রপ্তানির ক্ষেত্রে আরো জাহাজের সংখ্যা বৃদ্ধি করা এবং পানগাঁও বন্দরের ট্যারিফ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বেসরকারি জাহাজ এবং বিএসসির জাহাজের পণ্য আনা নেয়ার ক্ষেত্রে প্রচলিত ট্যাক্সের বিষয়টি পুনর্বিবেচনা করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৯.৩ | বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট বিশেষ বিধান আইনের আওতায় বঙ্গোপসাগরের ব্লকগুলিতে অনুসন্ধানের জন্য Profit Sharing Contract (PSC) প্রদানের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করাসহ সমুদ্রগামী জাহাজে রিফুয়েলিং এর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৯.৪ | Maritime Tourism নীতিমালা চূড়ান্ত করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ৯.৫ | জাহাজ শিল্পের বিকাশে ৫,০০০ কোটি টাকার ফান্ড গঠনের বিষয়টি আন্তর্জাতিক ইনভেষ্টমেন্ট সামিটে আলোচনার মাধ্যমে দেশী/বিদেশী বিনিয়োগকারীদের অবহিত করা যেতে পারে। | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৯.৬ | দেশীয় সীউইড থেকে উদ্ভাবিত কসমেটিকস এবং মাছের খাবারের উপাদানসমূহ বাণিজ্যিকভাবে ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট (পররাষ্ট্র মন্ত্রণালয়) |
| ৯.৭ | ব্লু-ইকোনমি সেল কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/ ব্লু ইকোনমি সেল |

১০। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**

ড. আহমদ কায়কাউস

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ব্লু ইকোনোমি কার্যক্রম সম্প্রসারণে প্রণোদনা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে আগামী ২৫ নভেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:৩০ টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বিশেষ সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দ ।

| ক্রমিক নং | নাম, পদবি, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম | মোবাইল/টেলিফোন নম্বর/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ সিরাজুল ইসলাম, নির্বাহী চেয়ারম্যান, বিডা | ec@bida.gov.bd | [signature] 25/11/2021 |
| ২. | আব্দুর রউফ তালুকদার, সিনিয়র সচিব, | | [signature] 25/11/21 |
| ৩. | মোঃ আনিছুর রহমান, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | anisur3112@gmail.com | [signature] 25.11.2021 |
| ৪. | মুহম্মদ ইয়ামিন চৌধুরী, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | 01755511505 | [signature] 25.11.2021 |
| ৫. | মোঃ মোকাম্মেল হোসেন | 01712856809 shafin21@yahoo.com | [signature] 25/11/2021 |
| ৬. | এ.কে.এম. শামিমুল হক ছিদ্দিকী, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | 01575035133 Shamimul77@yahoo.com | [signature] 25/11/21 |
| ৭. | মুনীরা সুলতানা এনডিসি, মহাপরিচালক-৩ | 01920020068 dg3@pmo.gov.bd | Sultana 25/11/2021 |
| ৮. | সাজিদা খাতুন, অতিরিক্ত সচিব, ব্লু-ইকোনমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | 01552868268 sajida1210@yahoo.com | [signature] 25.11.2021 |
| ৯. | মোহাম্মদ নাজমুল আহসান, উপসচিব, ব্লু-ইকোনমি সেল | 01711-960806 nazmuledr@yahoo.com | [signature] 25/11/2021 |
| ১০. | [illegible] | 01914062[illegible] | [signature] |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |